



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৬.২২.০০২.১৯.১৩

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৭

০৪ জুলাই ২০২০

বিষয়: কোভিড-১৯ মহামারি বিবেচনায় ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রক্রিয়া।

কোভিড-১৯ মহামারির প্রকোপ মোকাবেলায় বিগত ২৬ মার্চ, ২০২০ তারিখ হতে অদ্যাবধি সরকারি অফিসসমূহের কর্মকাণ্ড সীমিত রয়েছে। ফলে এ সময়ের জন্য নির্ধারিত ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র কিছু লক্ষ্যমাত্রা অর্জন বাধাগ্রস্ত হয়েছে মর্মে জানা গেছে। কোভিড-১৯ এর ফলে এপ্রিল-জুন ২০২০ সময়কালে এপিএ'র অর্জন বাধাগ্রস্ত হওয়ার ২০১৯-২০ অর্থবছরের চূড়ান্ত মূল্যায়ন কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- যেহেতু জুলাই ২০১৯ হতে মার্চ ২০২০ পর্যন্ত অর্থবছরের প্রথম তিন ত্রৈমাসিকে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে কোভিড- ১৯ এর কোন প্রভাব নেই, সেহেতু এই সময়কালের অর্জিত লক্ষ্যমাত্রার গড়কে আদর্শ হিসেবে বিবেচনা করে প্রাপ্ত গড় এপ্রিল-জুন সময়কাল অর্থাৎ চতুর্থ ত্রৈমাসিকের অর্জন হিসেবে বিবেচনা করে চূড়ান্ত মূল্যায়ন করা হবে। তবে যে সকল অফিস করোনার মাঝেও কার্যক্রম চালিয়ে উক্ত গড়ের চাইতে আরও ভাল লক্ষ্য অর্জন করেছে, সেসকল অফিসের প্রকৃত অর্জন চূড়ান্ত মূল্যায়ন বিবেচিত হবে।
- যেসকল অর্জনের কমপক্ষে দুটি তারিখ করোনার কারণে সাধারণ ছুটি শুরু হওয়ার আগে (২৫ মার্চ, ২০২০) নির্ধারিত ছিল (অর্থাৎ অসাধারণ ও অতিউত্তম অর্জনের তারিখ) সে সকল লক্ষ্যমাত্রা উক্ত সময়ের মধ্যে অর্জিত না হলে কোন নম্বর প্রদান করা হবেনা যেহেতু এসকল লক্ষ্যমাত্রা অর্জনে করোনার পূর্বেই সময়/সুযোগ পাওয়া গিয়েছিল। তবে এ সকল লক্ষ্যমাত্রা এপিএ-তে প্রদত্ত তারিখের পরে কিন্তু ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে অর্জিত হলে ৬০% নম্বর প্রদান করা হবে।
- যে সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ও অর্জনের সকল তারিখ সাধারণ ছুটি শুরু হওয়ার পর অর্থাৎ ২৫ মার্চ, ২০২০ এর পরে নির্ধারিত ছিল সে সকল লক্ষ্যমাত্রা এপিএতে বর্ণিত তারিখের পরে কিন্তু ৩০ জুনের মধ্যে অর্জিত হলে সূচকের ৯০% নম্বর প্রাপ্ত হবে।
- উপরোল্লিখিত লক্ষ্যমাত্রা যদি শুধুমাত্র করোনা মহামারির কারণে অর্জিত না হয় তবে এরূপ যুক্তির স্বপক্ষে প্রমাণ প্রদর্শন সাপেক্ষে চলতিমান অর্থাৎ সূচকের ৭০% নম্বর প্রদান করা যাবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনার আলোকে ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন সম্পন্ন করার জন্য নির্দেশনাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠপর্যায়ের অফিসসমূহকে অবহিত করার অনুরোধ করা হলো।

Roushan ara

৪-৭-২০২০

রওশন আরা লাবনী

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১০

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pme_sec@cabinet.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব / সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৬.২২.০০২.১৯.১৩/১(৪)

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৭

০৪ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ- মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ- সচিব সমন্বয় ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ -অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ- পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ

Roushan ara